

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET)


কাদিরাবাদ সেনানিবাস, নাটোর।

বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পরিচালিত কাদিরাবাদ সেনানিবাস, নাটোর এ অবস্থিত ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটিতে সিএসই বিভাগের শিক্ষক পদে চুক্তিভিত্তিক নিয়োগের লক্ষ্যে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | কর্মস্থল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|------------------------------------|--|----------------|---------------------|---|
| সহকারী অধ্যাপক (টেকনিক্যাল) | | | | |
| ০১ | সহকারী অধ্যাপক, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং বিভাগ | ০১ | কাদিরাবাদ সেনানিবাস | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণির বিএসসি ইঞ্জিনিয়ারিং বা সমমানের ডিগ্রী সহ অনূন ৫ (পাঁচ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে এমএসসি/এম ইঞ্জিনিয়ারিং বা সমমানের ডিগ্রীসহ অনূন ০৩ (তিন) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। অথবা সংশ্লিষ্ট বিষয়ে বিএইচডি থাকতে হবে। (খ) অনূন ২ (দুই)টি প্রকাশনা (as first author) থাকতে হবে। অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণির বিএসসি ইঞ্জিনিয়ারিং ও এমএসসি ইঞ্জিনিয়ারিং বা সমমানের ডিগ্রীধারী সেনাবাহিনী হতে স্বাভাবিক অবসরপ্রাপ্ত কর্মকর্তা। বয়সসীমা শিথিলযোগ্য। |
| প্রভাষক (টেকনিক্যাল) | | | | |
| ০২ | প্রভাষক, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং | ০৪ | কাদিরাবাদ সেনানিবাস | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণির বিএসসি ইঞ্জিনিয়ারিং বা সমমানের ডিগ্রী। (খ) সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর। (গ) সমপর্যায়ের ডিগ্রীধারী সেনাবাহিনী হতে স্বাভাবিক অবসরপ্রাপ্ত কর্মকর্তাদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য। |

দরখাস্তের নিয়মাবলী :

- শিক্ষকতার পদে অগ্রহী প্রার্থীদের জীবনবৃত্তান্ত এবং তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রবিন ছবিসহ আবেদনপত্র রেজিস্ট্রার, বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET), কাদিরাবাদ সেনানিবাস, দয়ারামপুর, নাটোর বরাবরে আগামী ২৭ আগস্ট ২০১৭ তারিখের মধ্যে ডাকযোগে পৌঁছাতে হবে অথবা registrar@bauet.ac.bd ই-মেইলে সিভিসহ আবেদন পত্র প্রেরণ করতে হবে এবং ২৮ আগস্ট ২০১৭ তারিখ সকাল ১০০০ ঘটিকার সময় সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার জন্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে উপস্থিত থাকতে হবে। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- আবেদনপত্র দাখিলের শেষ তারিখে সংশ্লিষ্ট পদের জন্য আবেদনকারীর সর্বোচ্চ বয়সসীমা নির্ধারিত বলে গণ্য হবে। বয়সের ক্ষেত্রে এফিডেবিট গ্রহণযোগ্য নহে।
- উল্লিখিত পদে নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশের নাগরিক এবং সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।
- আবেদনপত্রের সাথে সকল সনদপত্রের ফটোকপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- সকল প্রার্থিত পদের জন্য পরীক্ষা সংক্রান্ত ফি বাবদ বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (BAUET) Qadirabad এর অনুকূলে ৫০০ টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সাক্ষাৎকারের সময় সঙ্গে আনতে হবে।
- আবেদনপত্রের খামের উপর আবেদনকৃত পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- সকল প্রার্থিত পদের ক্ষেত্রে প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার সময়সূচী পরে জানান হবে।
- মৌখিকপরীক্ষা/সাক্ষাৎকারের সময় প্রার্থীকে সকল সনদপত্র ও ট্রান্সক্রিপ্টের মূলকপি উপস্থাপন করতে হবে।
- সাক্ষাৎকার/মৌখিকপরীক্ষার জন্য আবেদনকারীদের কোন প্রকার যাতায়াত/দৈনিক ভাতা প্রদান করা হবেনা।
- অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগ প্রক্রিয়ার কোন পর্যায়ে প্রার্থীর পক্ষে কোন প্রত্যক্ষ কিংবা পরোক্ষ সুপারিশ/তদবির করা হলে সংশ্লিষ্ট প্রার্থীকে সরাসরি অযোগ্য বলে বিবেচনা করা হবে।
- যে কোন দরখাস্ত বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ সংক্রান্ত অন্য যেকোন প্রসঙ্গে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।
- সকল পদে বেতন আলোচনা সাপেক্ষে।
- অন্যান্য তথ্যের জন্য BAUET এর ওয়েবসাইট www.bauet.ac.bd তে অনুসন্ধান করা যেতে পারে।


 অতিরিক্ত রেজিস্ট্রার
 BAUET, কাদিরাবাদ

বিতরণঃ

সকল নোটিশ বোর্ড

স্টেশন সদর দপ্তর কাদিরাবাদ

BAUET, ওয়েবসাইট